**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল আইডা হারিকেনের প্রথম বর্ষপূর্তিতে বীরদের সম্মানিত করলেন

## *ঘোষণাপত্রটি এখানে পরুন*

আইডা হারিকেনের প্রথম বর্ষপূর্তিতে, গভর্নর ক্যাথি হোকল সাতজন নিউ ইয়র্কবাসীকে তাদের ঝড় পরবর্তী বীরোচিত কাজের জন্য সম্মানিত করলেন, ঝড়টি বাড়ি ও রাস্তাকে প্লাবিত করে, বিলিয়ন বিলিয়ন ডলার ক্ষতি করে এবং 18 জন নিউ ইয়র্কবাসীর প্রাণনাশ করে। এছাড়াও গভর্নর হোকল একটি ইস্তেহার জারি করেছেন যা 1 সেপ্টেম্বর, 2022 কে হারিকেন আইডা স্মরণ দিবস (Hurricane Ida Remembrance Day) হিসেবে স্বীকৃত করে। ইভেন্টটি অনুষ্ঠিত হয় কুইন্সের এলমকর ইয়ুথ এবং অ্যাডাল্ট অ্যাক্টিভিটিজে (Elmcor Youth & Adult Activities), স্থানীয় সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং সরকারের অংশীদারদের সাথে।

"আইডা কুইন্সে অচিন্তনীয় বিপর্যয় নিয়ে এসেছিলো, কিন্তু এর পরে আমরা সম্প্রদায়ে অগণিত বীরোচিত কাজও দেখেছি," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কে, আমরা বিপর্যয় ও বিপদের সময় একত্রিত হয়ে একে অন্যকে সাহায্য করি, এবং আমি সেই ব্যক্তিদের প্রশংসা করছি যারা কষ্টে থাকা অন্যদের সাহায্য করতে নিজেদের নিবেদিত করে। সবথেকে খারাপ সময়ে, তারা সেরা মানবতা, এবং নিউ ইয়র্কের সেরা দিক প্রদর্শন করেছে।"

গভর্নর আজকের অনুষ্ঠানে নিচের ব্যক্তিদের সম্মানিত করেছেন:

- মায়নেল "জুনিয়র" মোরেনো এবং জেনিফার মোরেনো
- কুইন্স চেম্বার অফ কমার্সের (Queens Chamber of Commerce) প্রেসিডেন্ট টম গ্রেশ
- লেবার্স লোকাল 79 (Laborers Local 79) সংগঠক তাফাদার সৌরভ
- ফার্স্ট ব্যাপ্টিস্ট চার্চের (First Baptist Church) রেভারেন্ড প্যাট্রিক ইয়ং
- নেইবারহুড হাউজিং সার্ভিসেসের (Neighborhood Housing Services) নির্বাহী পরিচালক জোসেলিন জেনাও-এস্ট্রেলা
- এলমকর ইয়ুথ এবং অ্যাডাল্ট অ্যাক্টিভিটিজের (Elmcor Youth and Adult Activities) নির্বাহী পরিচালক সাইদা ডানস্টন

আইডা হারিকেনের পর, নিউ ইয়র্ক স্টেটের সকল পর্যায়ের সরকারি এজেন্সিগুলি ঝড়ের সাড়াদানে, জীবন রক্ষা করতে, জরুরি অবস্থা চলাকালীন সময়ে জনগণের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখতে ফেডারেল সরকার, বেসরকারি খাতের সংগঠন এবং সম্প্রদায়ের স্বেচ্ছাসেবকদের সাথে একত্রে কাজ করেছে। এই অংশীদারিত্ব উন্নত প্রচেষ্টা সৃষ্টি করেছে যা স্টেটের প্রস্তুতি, পরিকল্পনা, প্রশিক্ষণ ও সহযোগিতা বৃদ্ধি করেছে।

এই বসন্তের শুরুর দিকে, মার্কিন যুক্তরাষ্ট্রের হাউজিং এবং আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট (United States Department of Housing and Urban Development, HUD) [সম্প্রদায় বিকাশের ব্লক অনুদান দুর্যোগ পুনরুদ্ধার (Community Development Block Grant Disaster Recovery, CDBG-DR) তহবিলে 3 বিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ] ঘোষণা করেন যাতে সম্প্রদায়সমূহকে হারিকেন আইডা সহ অন্যান্য দুর্যোগ থেকেই সমভাবে পুনরুদ্ধারে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে স্থিতিস্থাপকতা গঠনে সাহায্য করা যায়। গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসকে (Governor's Office of Storm Recovery, GOSR) বিভিন্ন প্রস্তাবিত কর্মসূচি সমর্থন করার জন্য 41.2 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে।

গভর্নর হোকল হারিকেন আইডা ও এর নজিরবিহীন ঐতিহাসিক বৃষ্টিপাতের বিপর্যয়ের পর রাষ্ট্রপতি বাইডেনের কাছ থেকেই একটি জরুরি দুর্যোগ ঘোষণা (Emergency Disaster Declaration) এবং একটি [বড় দুর্যোগ ঘোষণা (Major Disaster Declaration)] নিশ্চিত করেছেন। ঘোষণার আওতাধীন কাউন্টিগুলি হলো: ব্রঙ্কস, ডাচেস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, অরেঞ্জ, পাটনাম, কুইন্স, রিচমন্ড, রকল্যান্ড, সাফোক, সালিভান, আলস্টার এবং ওয়েস্টচেস্টার।

গত সপ্তাহে, গভর্নর হোকল গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসের আইডা হারিকেন পুনরুদ্ধারের জন্য একটি প্রস্তাবিত কর্মপরিকল্পনা প্রকাশ করেন যাতে ভবিষ্যৎ ঝড়ের ঘটনায় সম্প্রদায়সমূহের স্থিতিস্থাপকতা আরো জোরদার করা যায়। প্রস্তাবিত পরিকল্পনায় রয়েছে 41.2 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল যাতে সেইসব উদ্যোগকে সমর্থন করা যায় যেগুলি নিউ ইয়র্ক সিটির বাইরের বাসিন্দাদেরকে জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে মানিয়ে নিতে সাহায্য করবে এবং একইসাথে ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে অগ্রাধিকার প্রদান করবে।

এছাড়াও গভর্নর ঘোষণা করেন যে স্টেট বিভিন্ন প্রস্তাবিত কর্মসূচির ব্যাপারে জনমত গ্রহণ করবে, কর্মসূচিগুলি আবাসিক বাড়িঘরে আইডা-সম্পর্কিত ক্ষতি মেরামত করবে, স্থিতিস্থাপকতা উন্নত করবে এবং ভবিষ্যতের বন্যার ক্ষতির ঝুঁকি হ্রাস করবে, এবং নিম্ন থেকে মধ্যম আয়ের সম্প্রদায়সমূহের পুনরুদ্ধারে মনোযোগ প্রদান করবে। নিউ ইয়র্ক সিটির বাইরের নিউ ইয়র্কবাসীদের পরিকল্পনার ব্যাপারে মতামত জানাতে আমন্ত্রণ জানানো হচ্ছে [এখানে], 28 সেপ্টেম্বরের পূর্বে; 8 সেপ্টেম্বর, সন্ধ্যা 6:30 এ নিউ রোশেল সিটি হলের (New Rochelle City Hall) গণশুনানিতে সশরীরে উপস্থিত থেকে, বা 13 সেপ্টেম্বর, সন্ধ্যা 6:30 এ একটি ভার্চুয়াল শুনানিতে উপস্থিত থেকে ([ভার্চুয়াল শুনানির তথ্যের জন্য এখানে ক্লিক করুন])।

**প্রতিনিধি আলেক্সান্ড্রিয়া ওকাসিও-কর্টেজ বলেন,** "আমাদের সম্প্রদায়ের চূড়ান্ত বিপর্যয়ের একটি মুহূর্তে, এই নেতৃবৃন্দ আমাদের সকলকে আশা দিয়েছে। তাদের উদাহরণের মাধ্যমে তারা

একত্রে কাজ করার শক্তি দেখিয়েছে, এবং তাদের অনেকেই এটি কোভিড থেকে শুরু করে আইডা পর্যন্ত একটির পর একটি সঙ্কটের জন্য করছে।এই নিরানন্দ বর্ষপূর্তিতে, আমাদের সম্প্রদায় যেই বিশাল ক্ষতির সম্মুখীন হয়েছে, কীভাবে অনেকেই এখনো পুনরুদ্ধার করতে সংগ্রাম করছে এবং কীভাবে অনেকেই কখনোই পূর্বের অবস্থায় ফেরত যাবে না, তার স্বীকৃতিদান গুরুত্বপূর্ণ। এই নেতৃবৃন্দের থেকে ভালো আর কেউ সেটি জানে না, যারা নিজেদের অনেক কিছু দান করেছে। আমরা তাদেরকে তাদের আত্মত্যাগ এবং কুইন্সের প্রতি অব্যাহত অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

**প্রতিনিধি গ্রেস মেং বলেন,** "আইডা হারিকেন আমার জেলা এবং কুইন্স সম্প্রদায়কে বিপর্যস্ত করেছে। এক বছর আগে, বাড়িঘর প্লাবিত হয়েছে, সম্পত্তি ধ্বংস হয়েছে, এবং মর্মান্তিকভাবে প্রাণনাশ হয়েছে, যার মধ্যে ছয়জন আমার এলাকার নাগরিক। আমরা যখন কুইন্স এবং নিউ ইয়র্ক সিটির পুনর্গঠনের সমস্যা মোকাবেলা করছি, সেই সময় যখন গভর্নর হোকল ঝড় পরবর্তী সময়ের স্থানীয় বীরদের স্বীকৃতি দিচ্ছেন যারা নিজেদের এলাকায় সাহায্য করার জন্য সাধ্যের বাইরে গিয়েও কাজ করেছে, তখন আমি গভর্নর হোকলের সাথে দাঁড়াতে পেরে সম্মানিত বোধ করছি। নিউ ইয়র্ক সিটিতে আইডা হারিকেন আঘাত আনার পর থেকে, আমরা আমাদের সম্প্রদায়কে গত বছরের ধ্বংস থেকে আরো সুরক্ষা প্রদান করার জন্য একাধিক পদক্ষেপ নিয়েছি, কিন্তু আরো অনেক কাজ বাকি আছে। আমি ফেডারেল পর্যায়ে এবং এর সংযোগে স্থানীয় কর্মকর্তাদের সাথে মিলে কুইন্স ও নিউ ইয়র্কের বাসিন্দাদের সুরক্ষা করার কাজ চালিয়ে যেতে উন্মুখ, যাতে করে এমন বিপর্যয় ও প্রাণনাশ আর না হয়।"

**স্টেটের সিনেটর জেসিকা রামোস বলেন,** "যা যা কাজ করা হয়েছে সেগুলি মনে করে, যার মধ্যে রয়েছে আইডার নথিহীন ভুক্তভোগীদের জন্য 27 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল এবং আইডা ত্রাণ হিসেবে স্টেটের প্রণীত বাজেটে 41 মিলিয়ন মার্কিন ডলার, আমি কৃতজ্ঞ যে গভর্নর হোকল তার দায়িত্বের শুরুর দিনগুলিতে এতো কার্যকরভাবে সাড়াদান করেছেন। আমার প্রতিবেশীরা সম্মুখসারির জলবায়ু সম্প্রদায়ে বাস করে, তাদের জন্য ন্যায্য রূপান্তর থেকে আসবে এমন কর্মসংস্থান এবং স্থিতিস্থাপকতা বিনিয়োগে মনোযোগ উভয় প্রয়োজন। ভবিষ্যৎ ঝড়ের ক্ষতি প্রশমন করার জন্য আরো কাজ বাকি, কিন্তু আজকে আমরা জলবায়ু পরিবর্তনের ফলে গত বছর যেই নিউ ইয়র্কবাসীরা প্রাণ হারিয়েছে তাদের কথা স্মরণ করছি ও তাদের সম্মান জানাচ্ছি।"

**স্টেটের সিনেটর টবি অ্যান স্ট্যাভিস্কি বলেন,** "আজকে আমরা এই মর্মান্তিক ঝড়ে প্রাণ হারানো কুইন্সের 11 জনের প্রাণনাশকে স্মরণ করছি। গভর্নর হোকলের দায়িত্ব গ্রহণের পর প্রথম সপ্তাহে, আমরা বিপর্যস্তদের সাথে দেখা করতে গিয়েছি, যার মধ্যে ছিল মৃতদের প্রিয়জনেরা। এছাড়াও আমরা আমাদের প্রতিবেশীদের তাদের সবথেকে প্রয়োজনের সময় যারা স্বেচ্ছায় সাহায্য করেছে তাদেরকেও সম্মান জানাচ্ছি। এক বছর আগে গভর্নর প্রতিজ্ঞা করেছিলেন তিনি ফিরে আসবেন। প্রতিজ্ঞা করা হয়েছিলো। প্রতিজ্ঞা পূরণ করা হলো।"

**অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন,** "এক বছর আগে, আমরা স্পষ্ট দেখেছি যে আমরা যদি কর্মজীবী গরিবদের জন্য এবং আমাদের পরিবেশ রক্ষার জন্য যথাযথ বিনিয়োগ না করি তাহলে কী হতে পারে। আইডা আমাদের সম্প্রদায়কে বিধ্বস্ত করেছে এবং আমাদের

অনেক প্রতিবেশীর থেকে সবকিছু কেড়ে নিয়েছে। আমি কৃতজ্ঞ যে গভর্নর হোকল প্রায় তাৎক্ষণিকভাবে এগিয়ে এসেছিলেন এবং আমাদের প্রতিবেশীদের সাথে দেখা করেছেন এবং ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) সাহায্যের আওতার বাইরে যারা তাদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার নিশ্চিত করেছেন। এই সবকিছুর মধ্যে, আমরা সেইসব ফেরেশতাদের দেখেছি যারা সাহায্য করতে এগিয়ে এসেছে, শুধু এই কারণে যে এটি সঠিক কাজ। আমি জোসেলিন হেনাও, টম গ্রেশ, এবং রেভারেন্ড ইয়ংয়ের মতো মানুষকে আমার বন্ধু বলতে পেরে, এবং লেবার লোকাল 79 এ আমাদের অংশীদারদের এবং একইসাথে সাইদা ও জুনিয়রকে তাদের নিঃস্বার্থ কাজের স্বীকৃতি পেতে দেখে সম্মানিত বোধ করছি। এই স্বীকৃতি এবং এর থেকেও অনেক বেশি তাদের প্রাপ্য, আমাদের প্রতিবেশীরা তাদের সাহায্য ছাড়া ঘুরে দাঁড়াতে পারতো না। আমরা আমাদের পরিবেশের যেই ক্ষতি করেছি তা সত্যিকার অর্থে সম্পূর্ণ ঠিক করার পথ অনেক দীর্ঘ। আমি এই গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানে এবং আমাদের অবকাঠামো যাতে সত্যিই আমাদের সম্প্রদায়সমূহকে ধারণ করতে পারে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের সাথে কাজ করতে উন্মুখ।"

**কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভ্যান রিচার্ডস জুনিয়র বলেন,** "এক বছর আগে আজকের দিনে, ফ্লাশিং থেকে হোলিস পর্যন্ত এবং এর বাইরেও হাজার হাজার কুইন্স বাসিন্দা এক মুহূর্তে তাদের জীবন বদলে যেতে দেখেছে। কিন্তু পুরো কুইন্স বিপর্যয়ের দৃশ্য থেকে বের হয়ে এসেছে প্রতিবেশীদের একে অন্যকে সাহায্য করার গল্প, এবং এমনকি সম্পূর্ণ অপরিচিত ব্যক্তিরাও যেইসব পরিবার অনেক বেশি হারিয়ে ফেলেছে তাদের পোশাক ও খাবার দিতে এগিয়ে এসেছে। আজকে আমরা তাদের সম্মানিত করছি যারা এই আকস্মিক বিপত্তিতে প্রাণ হারিয়েছে, এবং আমরা সেইসব বীরদের সম্মান জানাচ্ছি যারা আমাদের বরোর সবথেকে বিপদের সময়গুলির মধ্যে একটিতে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে।"

**ফার্স্ট ব্যাপ্টিস্ট চার্চের রেভারেন্ড প্যাট্রিক ইয়ং বলেন,** "গত বছর আইডা হারিকেন আমাদের সম্প্রদায়সমূহকে এর কেন্দ্র থেকে নাড়িয়ে দিয়েছে, কিন্তু সেই সময় আমাদের প্রতিবেশীরা একসাথে একত্রিত হয়েছিলো। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি সংস্থান প্রদান করে এবং আমাদেরকে স্বাভাবিক জীবনে ফিরে যেতে সাহায্য করার ক্ষেত্রে তার নেতৃত্ব এবং আমাদের চার্চের সাথে হাতে হাত মিলিয়ে কাজ করার জন্য।"

**মায়নেল মোরেনো বলেন,** "এক বছর আগে আইডা হারিকেন আমার ইস্ট এলমহার্স্ট সম্প্রদায়কে আঘাত করে, বাড়িঘর ও ব্যবসা ধ্বংস করে। এর পরবর্তীতে, পুরো সম্প্রদায়ের প্রতিবেশীরা একত্রে ত্রাণ প্রচেষ্টায় যোগ দেয়। আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ এলাকায় আসার জন্য এবং আমাদের প্রতিবেশীদের স্বাভাবিক অবস্থায় ফেরত যেতে সাহায্য করার জন্য।"

**নেইবারহুড হাউজিং সার্ভিসেস অফ কুইন্স CDC-র (Neighborhood Housing Services of Queens CDC, NHSQ) নির্বাহী পরিচালক জোসেলিন জেনাও-এস্ট্রেলা বলেন,** "আমরা গভর্নর হোকল ও তার দলের প্রশংসা করছি আমাদের সেই সম্প্রদায়সমূহে সংস্থান আনার জন্য যেগুলি আইডা হারিকেন ও কোভিড-19 মহামারী দ্বারা বিপর্যস্ত হয়েছে এবং আজকে আমাদের কাজকে স্বীকৃতি প্রদানের জন্য। আমরা আমাদের প্রতিবেশীদের প্রতি কৃতজ্ঞ যে তারা তাদের প্রয়োজনের সময়ে আমাদেরকে সেবাদান করতে দিয়েছে।তারা আমাদের প্রদর্শন করেছে যে

কোনও ঝড়, কোনও মহামারীই কুইন্সের বাসিন্দাদের সামনের দিকে অগ্রসর হওয়া ঠেকাতে পারবে না।একজন সুপারস্টর্ম স্যান্ডির ভুক্তভোগী হিসেবে, আমি যেই কাজ করি তা আমার জন্য অনেক ব্যক্তিগত। আমি কুইন্সের NHS-র জন্য আমার সহকর্মীদের সাথে কাজ করতে পেরে ধন্য, যাদের রয়েছে মর্যাদাপূর্ণভাবে কর্মসূচি ও সেবাদান করার মাধ্যমে আমাদের প্রতিবেশীদের জীবন উন্নত করার জন্য অতুলনীয় অঙ্গীকার। আমাদের ছোট কিন্তু শক্তিশালী সংগঠন সংস্থান, স্বেচ্ছাসেবক, এবং কুইন্সে বিনিয়োগ করা ও একে জোরদার করার জন্য অন্যান্য অংশীদার আনার ক্ষেত্রে মুখ্য ভূমিকা রেখেছে। হারিকেনের পর সেই দিন থেকেই, NHSQ-র কর্মীরা প্রভাবিত এলাকার প্রতি বাড়িতে গিয়েছে যাতে ব্যক্তি ও পরিবার নিরাপদে আছে কিনা এবং ত্রাণ পাচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য।কিন্তু এর জন্য অনেক লোক প্রয়োজন এবং আমরা আমাদের কাজ শুধু একটি অংশীদারিত্বেই করতে পারি। পুনরুদ্ধারের পথ অনেক লম্বা এবং আমরা কুইন্সে আরো টেকসই, ব্যবহারিক, মর্যাদাপূর্ণ, স্থিতিশীল কর্মসূচি ও বিনিয়োগ আনার জন্য অংশীদারিত্বে কাজ করা অব্যাহত রাখবো।"

**এলমকর ইয়ুথ এবং অ্যাডাল্ট অ্যাক্টিভিটিজের নির্বাহী পরিচালক সাইদা ডানস্টন বলেন,** "আমাদের সম্প্রদায় কোভিড, ওভারডোজ দ্বারা মারাত্মকভাবে আক্রান্ত হয়েছে এবং এরপর এসেছে আইডা। ঝড়ের এক বছর পরে আমরা যারা জীবন, বাড়ি ও স্থিতিশীলতা হারিয়েছে তাদের কথা মনে করছি। আমাদের ওল্ডার অ্যাডাল্ট সেন্টারগুলির (Older Adult Center) একটি প্লাবিত ও ধ্বংস হয়ে যায় যার ফলে আমাদের অংশগ্রহণকারীরা 10 মাসের জন্য বিচ্যুত হয়। আমরা এটি বলতে পেরে খুশি যে আমরা আজকে থেকে আবার কেন্দ্র খুলে দিতে পারছি। এলমকরের কর্মীরা এগিয়ে এসেছে, যেমনটি তারা কয়েক দশক ধরে করে আসছে, এবং আমরা মানুষের জন্য কাজ চালিয়ে যাবো।"

**নেইবারহুড হাউজিং সার্ভিসেসের নির্বাহী পরিচালক জোসেলিন জেনাও-এস্ট্রেলা বলেন,** "আইডা হারিকেন গত বছর আমাদের শহরের বহু এলাকাকে বিধ্বস্ত করেছে। ইউনিয়নের সদস্য হিসেবে আমরা আমাদের শহর এবং সম্প্রদায়ে দায়িত্বশীলতার একটি ধারণা নিয়ে বাঁচি ও প্রদান করি, তাই আমরা যারা বন্যায় বিপর্যস্ত হয়েছে তাদের সাহায্য করতে পদক্ষেপ নিয়েছি। আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি আমাদের স্বেচ্ছাসেবী দুর্যোগ ত্রাণ প্রচেষ্টাকে স্বীকৃতি প্রদান করার জন্য, এবং পরিবর্তনশীল জলবায়ুর রূপের সম্মুখীন হতে স্থিতিস্থাপকতা নিশ্চিত করতে প্রভাবিত সম্প্রদায়সমূহে পাশে থাকার জন্য।"

**কুইন্স চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট টম গ্রেশ বলেন,** "আমি এই গ্রুপের একটি অংশ হতে পেরে গর্বিত যারা আইডা হারিকেনের পরবর্তীকালীন সময়ে আমাদের প্রচেষ্টার জন্য স্বীকৃতি পেয়েছে। কুইন্স চেম্বার অফ কমার্সে আমার কাজ কোনও চাকরি নয়, এটি একটি আবেগ, এবং আমি গভর্নর হোকলের সমর্থনের জন্য কৃতজ্ঞ।"

###